দৈনিক ইত্তেফাক

তারিখ JUN 23 1999
পৃষ্ঠা ৪ কলাম ৮

341

## নিয়োগপত্র পাইয়াও—

ঢাকার মোল্লারটেক উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারী পদে ১-৬-৯৮ তারিখে নিয়োগপত্র পাই এবং বিদ্যালয়ের বিধি ও সরকারী বিধি মোতাবেক সকল কাগজপত্র জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করি। জেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় কার্য সমাধা করিয়া পরবর্তী পদক্ষেপের জন্য ফাইল শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক বরাবরে প্রেরণ করেন, যাহার নম্বর ১০৮৩, তারিখ ২২/১১/৯৮। কিন্তু সরকারের সংকোচন নীতির দোহাই দিয়া আজ অবধি আমাকে ঘোরানো হইতেছে। সরকারের সংকোচন নীতি যদি হয় তবে প্রশ্ন হইল, জেলা শিক্ষা অফিসার ফাইলে স্বাক্ষর করিলেন কেন? উল্লেখ্য, আমার নিয়োগটি শূন্যপদে। বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শেখ জিলহাস উদ্দীন,
আশকোনা, উত্তরা, ঢাকা।